

প্রথম আলো বিনোদন

১ ডিসেম্বর ব্যান্ড উৎসব

বিনোদন প্রতিবেদক | আপডেট: ০০:২৪, নভেম্বর ২৭, ২০১৪ | প্রিন্ট সংস্করণ



প্রথমবারের মতো দেশীয় ব্যান্ডদল নিয়ে ১ ডিসেম্বর চ্যানেল আই চত্বরে অনুষ্ঠিত হতে যাচ্ছে দিনব্যাপী ‘কোকাকোলা-চ্যানেল আই ব্যান্ডফেস্ট ২০১৪’ শিরোনামের উৎসব। অনুষ্ঠানে সহযোগিতা করছে সিস্ফনি। কোকাকোলা এবং চ্যানেল আইয়ের যৌথ এ আয়োজনে বাংলাদেশের ১৬টি ব্যান্ডদল অংশ নিচ্ছে। উৎসব চলবে বেলা ১১.০৫ থেকে বিকেল পাঁচটা পর্যন্ত। চ্যানেল আই অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করবে।

২৬ নভেম্বর দুপুরে চ্যানেল আই ভবনে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরেন চ্যানেল আইয়ের পরিচালক ও বার্তাপ্রধান শাইখ সিরাজ, কোকাকোলা বাংলাদেশের পরিচালক শাদাব আহমেদ খান, সিস্ফনি মোবাইলের পক্ষে এডিসন গ্রুপের উর্ধ্বতন পরিচালক রেজউয়ানুল হক, ব্যান্ড লিজেন্ড আইয়ুব বাচ্চু এবং নবীন ব্যান্ডদলগুলোর পক্ষে চিরকুটের সুমি।

প্রথমবারের মতো অনুষ্ঠেয় এ ব্যান্ড ফেস্টিভ্যালে অংশ নিচ্ছে উচ্চারণ, ডিফারেন্ট টাচ, অবসকিউর, প্রমিথিউস, আর্ক, বে অব বেঙ্গল, তিরন্দাজ, চিরকুট, দলছুট, ব্লাক, আর্টসেল, এল আর বি, শূন্য, রেডিও অ্যাকটিভ, পার্থিব ও জলের গান ব্যান্ডদল।